রাজশাহী বিশ্ববিদ্যালয়

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ০১/২০২০ (সহায়ক) তারিখ: ০৮.১০.২০২০

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার-এ নিম্নলিখিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| (১) | **কম্পিউটার অপারেটর** | বেতনক্রম: ১২৫০০-৩০২৩০/- ও প্রচলিত ভাতাদি | – ০১ টি |
| (২) | **মেডিক্যাল টেকনোলজিষ্ট (ফিজিওথেরাপি)** | বেতনক্রম: ১২৫০০-৩০২৩০/- ও প্রচলিত ভাতাদি | – ০২ টি (১ জন মহিলা ও ১ জন পুরুষ) |
| (৩) | **মেডিক্যাল টেকনোলজিষ্ট (ডেন্টাল)** | বেতনক্রম: ১২৫০০-৩০২৩০/- ও প্রচলিত ভাতাদি | – ০১ টি |
| (৪) | **মেডিক্যাল টেকনোলজিষ্ট (প্যাথলজি)** | বেতনক্রম: ১২৫০০-৩০২৩০/- ও প্রচলিত ভাতাদি | – ০২ টি |
| (৫) | **মেডিক্যাল টেকনোলজিষ্ট (রেডিওলজি এন্ড ইমেজিং)** | বেতনক্রম: ১২৫০০-৩০২৩০/- ও প্রচলিত ভাতাদি | – ০২ টি |
| (৬) | **অফিস সহকারী কাম-কম্পিউটার-টাইপিষ্ট** | বেতনক্রম: ৯,৩০০-২২,৪৯০/- ও প্রচলিত ভাতাদি | ০৩ টি |
| (৭) | **ই.সি.জি টেকনিশিয়ান** | বেতনক্রম: ৯,৩০০-২২,৪৯০/- ও প্রচলিত ভাতাদি | – ০১ টি |

উপর্যুক্ত প্রতিটি পদে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, আবেদন-ফি এবং আবেদন পদ্ধতির বিস্তারিত বিবরণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের Website-এ পাওয়া যাবে। আগামী ৩১/১০/২০২০ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে Online-এ আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য :**

**ক) একই প্রার্থী একাধিক পদে আবেদন করতে চাইলে আলাদা ফি প্রদান করে আলাদাভাবে আবেদন করতে হবে।**

**খ) আবেদনকারী নিজে অথবা তাঁর পক্ষে যে-কোন মাধ্যমে তদবির করলে এবং পদের জন্য নির্ধারিত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা গোপন করলে প্রার্থী অযোগ্য বলে বিবেচিত হবে এবং তাঁর আবেদনপত্র সরাসরি বাতিলযোগ্য।**

## ১) কম্পিউটার অপারেটর পদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রী থাকতে হবে, তবে কোন পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সিজিপিএ ২.৭৫ (৪.০০-এর স্কেলে)- এর কম হলে আবেদন করতে পারবে না।

খ) ডাটা এন্ট্রি অপারেটর/সমমান (গ্রেড-১৪, টাকা ১০২০০-২৪৬৮০) পদে ন্যূনতম ০২ (দুই) বছর চাকুরী।

গ) প্রার্থীকে অবশ্যই ১০০ নম্বরের বাংলা, ইংরেজী, গণিত, সাধারণ জ্ঞানসহ পেশাগত বিষয়ভিত্তিক লিখিত এবং ১০০ নম্বরের ব্যবহারিক পরীক্ষায় পাস করতে হবে।

ঘ) লিখিত পরীক্ষায় মোট সময়কাল হবে ০২ ঘন্টা।

ঙ) ব্যবহারিক পরীক্ষার ক্ষেত্রে বাংলায় (বিজয় কি-বোর্ড ব্যবহার করে) প্রতি মিনিটে ন্যূনতম ২৫ এবং ইংরেজীতে ন্যূনতম ৩০ শব্দ কম্পিউটারে টাইপ করতে জানতে হবে। একই সাথে কম্পিউটারে অপারেটিং ও অন্যান্য প্রয়োজনীয় সফটওয়্যার/ হার্ডওয়ার ইনস্টল করাসহ ইন্টারনেট সংযোগ স্থাপন এবং ওয়ার্ড প্রসেসিং সফটওয়্যার (Microsoft Word) ব্যবহার, স্প্রেডশীট প্রসেসিং সফটওয়্যার (Microsoft Excel) ব্যবহার, ইমেল অনলাইন তথ্য ব্যবস্থাপনাসহ পেশাগত বিষয়ে ব্যবহারিক পরীক্ষা গ্রহন করা হবে।

চ) বাংলায় প্রতি মিনিটে ৬২.৫ শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ৭৫ শব্দ সর্বোচ্চ গতি বিবেচনা করে ২৫ নম্বরের বাংলা, ২৫ নম্বরের ইংরেজী টাইপিং এবং অন্যান্য বিষয়ে ৫০ নম্বরের ব্যবহারিক পরীক্ষার নম্বর প্রদান করতে হবে।

ছ) সকল ব্যবহারিক পরীক্ষায় পাস নম্বর হবে ৪০%। সর্বনিম্ন গতিকে পাস নম্বর হিসেবে গণ্য করা হবে। অর্থাৎ কোন প্রার্থী বাংলায় প্রতি মিনিটে ২৫ শব্দ টাইপ করতে পারলে তাঁর বাংলা টাইপিং পরীক্ষার প্রাপ্ত নম্বর হবে ১০। একইভাবে ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ শব্দ টাইপ করতে পারলে তাঁর ইংরেজী টাইপিং পরীক্ষার প্রাপ্ত নম্বর হবে ১০।

জ) প্রার্থীকে অবশ্যই সকল ব্যবহারিক পরীক্ষায় পাস করতে হবে।

ঝ) উভয় টাইপিং ব্যবহারিক পরীক্ষার সময়কাল হবে ১০ মিনিট। অন্যান্য আনুসঙ্গিক বিষয়ের ব্যবহারিক পরীক্ষার সময়কাল সংশ্লিষ্ট পরীক্ষা গ্রহণ কমিটি নির্ধারণ করবে।

ঞ) বাংলা ও ইংরেজী উভয়ক্ষেত্রেই প্রতি ৫টি সঠিক কি-স্ট্রোক-কে ০১টি শব্দ বলে গণ্য করা হবে।

ট) লিখিত এবং ব্যবহারিক, উভয় পরীক্ষার পাস নম্বর হবে ৪০% এবং গড় পাস নম্বর হবে ৫০%।

ঠ) প্রার্থীকে বিভিন্ন ওয়েব এপ্লিকেশন (ইমেইল, অনলাইন তথ্যব্যবস্থাপনা, ওয়েব পেইজ সম্পাদন ইত্যাদি) ব্যবহারে পারদর্শী হতে হবে।

ড) স্টান্ডার্ড ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট প্রসেসিং সফটওয়্যার ব্যবহারে দক্ষতাসহ ডাটাবেজ ম্যানেজমেন্ট সফটওয়্যার ও ডাটাবেজ ডিজাইন সম্পর্কে ভাল ধারনা থাকতে হবে।

ঢ) প্রার্থীকে অপারেটিং সিস্টেম ও অন্যান্য প্রয়োজনীয় সফটওয়্যার ইনস্টল করাসহ কম্পিউটার সিস্টেম রক্ষণাবেক্ষণে পারদর্শী হতে হবে এবং কম্পিউটার নেটওয়ার্ক সম্পর্কে ব্যবহারিক জ্ঞান থাকতে হবে।

ণ) অভ্যন্তরীণ ও বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে একটি শর্ত শিথিল যোগ্য। তবে মূল শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

ত) বয়স ন্যূনতম ২০ বছর হতে হবে।

## ২) মেডিক্যাল টেকনোলজিষ্ট (ফিজিওথেরাপি) পদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

ক) ন্যূনতম এস.এস.সি/সমমান পাসসহ সরকার অনুমোদিত যে কোন প্যারামেডিক্যাল প্রতিষ্ঠান হতে ৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন হেলথ টেকনোলজি (ফিজিওথেরাপী)পাস হতে হবে।

খ) শিক্ষাজীবনে তৃতীয় বিভাগ গ্রহনযোগ্য নয় (জিপিএ ন্যূনতম ২.৫০ থাকতে হবে)। কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

গ) অভ্যন্তরীণ ও বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে একটি শর্ত শিথিল যোগ্য। তবে মূল শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

ঘ) বয়স ন্যূনতম ২০ বছর হতে হবে।

## ৩) মেডিক্যাল টেকনোলজিষ্ট (ডেন্টাল) পদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

ক) ন্যূনতম এস.এস.সি/সমমান পাসসহ সরকার অনুমোদিত যে কোন প্যারামেডিক্যাল প্রতিষ্ঠান হতে ৩ (তিন) বছর মেয়াদী ডেন্টিস্ট্রিতে ডিপ্লোমা থাকতে হবে।

খ) শিক্ষাজীবনে তৃতীয় বিভাগ গ্রহনযোগ্য নয় (জিপিএ ন্যূনতম ২.৫০ থাকতে হবে)। কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

গ) অভ্যন্তরীণ ও বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে একটি শর্ত শিথিল যোগ্য। তবে মূল শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

ঘ) বয়স ন্যূনতম ২০ বছর হতে হবে।

## ৪) মেডিক্যাল টেকনোলজিষ্ট (প্যাথলজি) পদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

ক) ন্যূনতম এস.এস.সি/সমমান পাসসহ সরকার অনুমোদিত যে কোন প্যারামেডিক্যাল প্রতিষ্ঠান হতে ৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন হেলথ টেকনোলজি (প্যাথলজি) পাস হতে হবে।

খ) শিক্ষাজীবনে তৃতীয় বিভাগ গ্রহনযোগ্য নয় (জিপিএ ন্যূনতম ২.৫০ থাকতে হবে)। কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

গ) অভ্যন্তরীণ ও বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে একটি শর্ত শিথিল যোগ্য। তবে মূল শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

ঘ) বয়স ন্যূনতম ২০ বছর হতে হবে।

## ৫) মেডিক্যাল টেকনোলজিষ্ট (রেডিওলজি এন্ড ইমেজিং) পদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

ক) ন্যূনতম এস.এস.সি/সমমান পাসসহ সরকার অনুমোদিত যে কোন প্যারামেডিক্যাল প্রতিষ্ঠান হতে ৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন হেলথ টেকনোলজি (রেডিওলজি এন্ড ইমেজিং) পাস হতে হবে।

খ) শিক্ষাজীবনে তৃতীয় বিভাগ গ্রহনযোগ্য নয় (জিপিএ ন্যূনতম ২.৫০ থাকতে হবে)। কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

গ) অভ্যন্তরীণ ও বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে একটি শর্ত শিথিল যোগ্য। তবে মূল শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

ঘ) বয়স ন্যূনতম ২০ বছর হতে হবে।

## ৬) অফিস সহকারী কাম-কম্পিউটার-টাইপিষ্ট

**ক)** **ন্যূনতম** এইচ.এস.সি/সমমান পাস হতে হবে। শিক্ষা জীবনে কোন ফলাফলে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয় (জিপিএ ন্যূনতম ২.৫০ থাকতে হবে)।

**খ)** বয়স ন্যূনতম ২০ বছর হতে হবে।

**গ)** প্রতি মিনিটে বাংলা ন্যূনতম ২০ শব্দ ইংরেজী ন্যূনতম ২৫ শব্দ

**ঘ)** কম্পিউটার টাইপ করতে জানতে হবে।

**ঙ)** অভ্যন্তরীণ ও বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে একটি শর্ত শিথিল যোগ্য। তবে মূল শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

চ) কোটার ক্ষেত্রে সরকারী নীতিমালা অনুসৃত হবে।

## ৭) ই.সি.জি টেকনিশিয়ান পদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

ক) প্রার্থীকে উচ্চ মাধ্যমিক /সমমান পাসসহ সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

খ) শিক্ষাজীবনে তৃতীয় বিভাগ গ্রহনযোগ্য নয় (জিপিএ ন্যূনতম ২.৫০ থাকতে হবে)। কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

গ) অভ্যন্তরীণ ও বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে একটি শর্ত শিথিল যোগ্য। তবে মূল শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

ঘ) বয়স ন্যূনতম ২০ বছর হতে হবে।

ঙ) কোটার ক্ষেত্রে সরকারী নীতিমালা অনুসৃত হবে।

**(প্রফেসর এম.এ বারী)**
**রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)**
**রাজশাহী বিশ্ববিদ্যালয়।**

## শর্তসমূহ:

১। আগ্রহী প্রার্থীগণকে www.ru.ac.bd সাইটের মাধ্যমে ১১.১০.২০২০ (সকাল ৯.০০টা) হতে ৩১.১০.২০২০ (বিকাল ০৫.০০ মিনিট) তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের নিয়মাবলী এবং নিয়োগদান পদ্ধতির বিস্তারিত বিবরণ ওয়েবসাইটে পাওয়া যাবে।

২। আবেদনপত্রের প্রয়োজনীয় ফি ৩৫০.০০ টাকা **(সার্ভিস চার্জসহ)** ডাচ-বাংলা মোবাইল ব্যাংকের মাধ্যমে প্রদানপূর্বক প্রাপ্ত Transaction ID ব্যবহার করে আবেদন করা যাবে। **একই প্রার্থী একাধিক পদে আবেদন করতে চাইলে আলাদা ফি প্রদান করে আলাদাভাবে আবেদন করতে হবে।** প্রার্থীর ছবিসহ ও স্বাক্ষরসহ অন্যান্য তথ্য সঠিক ভাবে প্রদানের মাধ্যমে আবেদন সম্পন্ন করলে Application ID সম্বলিত ফরম পাওয়া যাবে। ফরমটি প্রিন্ট নিয়ে প্রার্থীতা সংরক্ষণ করবেন। পরবর্তীতে Transaction ID ও Application ID ব্যবহার করে ওয়েবসাইট সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করতে পারবেন। প্রার্থীর ছবি 300×৪০০ পিক্সেল সাইজের JPG ফরমেটে হবে এবং এর ফাইল সাইজ 100KB এর বেশি হবে না। স্বাক্ষরের ক্ষেত্রে 300×৪0 পিক্সেল সাইজের JPG ফরমেটে হবে এবং এর ফাইল সাইজ 60KB এর বেশি হবে না।

৩। অসত্য/ভুয়া তথ্যসংবলিত/ত্রুটিপূর্ণ আবদেনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যেকোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রামাণিত হলে তাঁর আবেদন/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুয়া তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। প্রার্থীকে লিখিত এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার কাগজপত্রাদি এবং জাতীয় পরিচয়পত্রের কপি ওয়েবসাইটে আপলোড করতে হবে। তবে অভ্যন্তরীণ প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে কাজের অভিজ্ঞতার প্রমাণপত্র প্রাথমিক আবেদনের সাথেই ওয়েবসাইটে আপলোড করতে হবে।

৫। প্রাথমিক পরীক্ষায় (লিখিত এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক) অংশগ্রহণের প্রবেশপত্র নির্দিষ্ট সময়ে ওয়েবসাইট থেকে ডাউনলোড করে কালার প্রিন্ট নিতে হবে।

৬। প্রযোজ্য পরীক্ষার ফলাফলের ভিত্তিতে কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হবে।

৭। প্রার্থীকে লিখিত/ কর্মদক্ষতা/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন টিএ/ডিএ দেওয়া হবে না। প্রার্থীদের সাথে সকল প্রকার যোগাযোগ SMS ও ওয়েবসাইটের মাধ্যমে সম্পন্ন করা হবে।

**(প্রফেসর এম.এ বারী)**
**রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)**
**রাজশাহী বিশ্ববিদ্যালয়।**